

অপেক্ষা

অপেক্ষারও ঘরবাড়ি থাকে। থাকে অশ্রুপাত।
রাত্রিকালে জাগে। কাটায় দিবাভিসার।
অপেক্ষারও খসে পড়ে পাতা। চোখ অশ্রুশীল।
ধবংসমেঘে অপেক্ষা জ'মে ভীড়।
মাটির উপর অপেক্ষা ওড়ে, ঘোরে, ভ্রমমতি
মাঠের ভিতর অপেক্ষা ঘুমায়। চুপ - চুপান্ত শীত।

অপেক্ষারা ভাব ভালবাসে মুখমায়া মসৃণ,
জাগে অনন্তকাল – আসে দিন যায় দিন।

নন্দিতা বন্দ্যোপাধ্যায়